শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা পরিষদ
গোয়াইনঘাট, সিলেট
gowainghat.sylhet.gov.bd

## ৫ম উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট এর ৩৪ (চৌত্রিশ) তম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোহাম্মদ ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট। |
| তারিখ | : ১৩ জানুয়ারি ২০২২ খ্রি. |
| সময় | : বেলা ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : উপজেলা পরিষদ মিলনায়তন, গোয়াইনঘাট |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : পরিশিষ্ট- ক |
| সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : পরিশিষ্ট- খ |

সভাপতি সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন। সভার কার্যপত্র মোতাবেক এবং উপস্থিত সদস্যগণের আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং পাঠ শেষে তিনি অনুমোদনের প্রস্তাব করেন। | বিগত সভার কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান |
| ০৩ | কমিটির সুপারিশ সমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | সভায় স্থায়ী কমিটি হতে প্রাপ্ত সুপারিশসমূহ বিস্তারিতভাবে পর্যালোচনা পূর্বক সুপারিশসমূহ যুক্তিযুক্ত হওয়ায় তা বাস্তবায়নে উপস্থিত সকলে একমত পোষণ করেন। ১৭টি স্থায়ী কমিটির সভা নিয়মিতভাবে আহ্বান পূর্বক সুপারিশ সমূহ সভায় উপস্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবগণকে অনুরোধ করা হয়। | স্থায়ী কমিটির সভাসমূহ বিধিমোতাবেক আয়োজন পূর্বক প্রয়োজনীয় সুপারিশ সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিব |
| ০৪ | নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন | (ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান এর ডিসেম্বর/২০২১ খ্রি. মাসের ১০,৬২৫/- টাকার ভ্রমণ ব্যয়, ভাইস চেয়ারম্যানের ৬৫০০/- টাকার ভ্রমণ ব্যয় এবং মহিলা ভাইস চেয়ারম্যান এর ৬৫০০/- টাকার ভ্রমণ ব্যয় ও ভ্রমণ বিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(খ) মাসিক সভা ও অন্যান্য সভার আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- টাকা এবং অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় বাবদ- ৫,০০০/- টাকার বিল ভাউচার অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(গ) উপজেলা পরিষদের ব্যবহৃত জীপ গাড়ি নং- সিলেট ঘ-১১-০২৩৪ এর সেপ্টেম্বর/২০২১ ও ডিসেম্বর/২০২১ মাসের নিয়মিত জালানী বিল পরিশোধের নিমিত্ত ভ্যাট ও আইটিসহ মোট ৮৬,৭৯০/- টাকার বিল ভাউচার অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপস্থাপিত ভ্রমণ বিবরণী অনুসারে ভ্রমণ ব্যয়, আপ্যায়ন বিল, জীপ গাড়ির জালানী বিল ও অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ০৫ | বিবিধ | (ক) উপজেলা প্রকৌশল বিভাগের প্রতিনিধি সভায় জানান, ২০২১-২২ অর্থ বছরে গৃহীত এডিপি প্রকল্পের ০৪, ০৯, ১১, ১৭, ১৯, ২০, ২১, ২২, ২৬, ২৮, ৩০, ৩২, ৩৪, ৩৬, ৩৭, ৩৮, ৪৯, ৫১, ৫২, ৫৩ ও ৫৪নং স্কিমের পিআইসি কমিটির তালিকা দাখিল করা হয়েছে। তিনি সভাকে জানান, উপজেলার বেশ কিছু ব্রীজ ও রাস্তা মেরামত কাজ চলমান রয়েছে। তিনি জানান, এসকল কাজ চলাকালীন জনসাধারণের যাতায়াতে সাময়িক অসুবিধা হতে পারে এবং একইসাথে তিনি এ | (ক-১) ২০২১-২২ অর্থ বছরে এডিপি প্রকল্পের আওতায় উল্লেখিত স্কিমের পিআইসি কমিটি সর্বসম্মতক্রমে অনুমোদিত হয়।<br>(ক-২) যাতায়াতের সুবিধার্থে ব্রিজ/রাস্তার কাজ চলাকালে বিকল্প | উপজেলা প্রকৌশলী এলজিইডি |

Ahmed

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। চেয়ারম্যান, ১নং রুস্তমপুর ও ২নং পশ্চিম জাফলং ইউপি আলোচনায় অংশ নিয়ে বলেন, যেসকল রাস্তা দিয়ে বিভিন্ন কাজের মাটি টানা হয়েছে সেসকল রাস্তায় বৃষ্টিতে পিচ্ছিল হওয়ার কারণে অনেক দুর্ঘটনা ঘটছে। উপজেলা নির্বাহী অফিসার আলোচনায় অংশ নিয়ে বলেন, উনাইর ব্রীজ, পান্থুমাই রাস্তাসহ বেশ কয়েকটি কাজে এপ্রোচ ও বিকল্প রাস্তা না করে এবং একইসাথে রাস্তার উভয়পার্শ্বে ড্রেইন করে কাজ করা হচ্ছে, এতে করে যানবাহন চলাচলে অনেক সমস্যার সম্মুখিন হতে হচ্ছে। তিনি আরও বলেন, পাকা রাস্তা দিয়ে মাটি পরিবহনের বিষয়ে নিষেধাজ্ঞা রয়েছে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। উপজেলা শিক্ষা বিভাগের প্রতিনিধি সভায় জানান, টেকনাগুল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে যাতায়াত সমস্যা। বর্ষাকালে এ বিদ্যালয়ে যাতায়াত করা খুবই কষ্টসাধ্য। | রাস্তা করে কাজ পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>(ক-৩) রাস্তা দিয়ে মাটি টানা হলে স্থানীয় জনপ্রতিনিধিগণ তাৎক্ষনিকভাবে প্রশাসন কে অবহিত করতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ক-৪) টেকনাগুল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে যাতায়াতের সুবিধার্থে টিআর বরাদ্দ প্রদানের বিষয়ে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | <br><br>চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউপ<br><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| | | (খ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রাতরাশে জাতীয় সংগীত ও মন্ত্রিপরিষদ কর্তৃক নির্ধারিত শপথ বাক্য পাঠ করার বিষয়ে নির্দেশনা পাওয়া গেছে। তিনি এ বিষয়ে কি ব্যবস্থা নেয়া হয়েছে, যথাযথভাবে বাস্তবায়ন হচ্ছে কিনা এবং সঠিকভাবে মনিটরিং করা হচ্ছে কিনা তা সভার জানা জরুরী মর্মে মত ব্যক্ত করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ও প্রাথমিক শিক্ষা বিভাগের প্রতিনিধি সভায় জানান, এ বিষয়ে নির্দেশনা পাওয়া মাত্র সকলকে পত্রের মাধ্যমে অবহিত করা হয়েছে এবং যথাযথ বাস্তবায়ন নিশ্চিতে সময়ে সময়ে মনিটরিং করা হচ্ছে। অন্য এক প্রশ্নের উত্তরে উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের প্রতিনিধি জানান, সকল শ্রেণির বই যথাযথভাবে বিতরণ করা হলেও ৮ম ও ৯ম শ্রেণির কিছু বই এখনো বিতরণ করা সম্ভব হয়নি। তিনি জানান, এগুলো ঢাকা হতে পাওয়া মাত্র বিতরণ করা হবে। একই বিষয়ে উপজেলা শিক্ষা বিভাগের প্রতিনিধি জানান, ১ম ও ২য় শ্রেণির বই বাদে অন্য শ্রেণির বই বিতরণ করা হয়েছে, ১ম ও ২য় শ্রেণির বই এখনো পাওয়া যায়নি। উপজেলা নির্বাহী অফিসার আলোচনায় অংশ নিয়ে বলেন, যদি ২০২২ শিক্ষাবর্ষের বই আসতে দেরি হয় এবং ২০২১ শিক্ষাবর্ষ ও ২০২২ শিক্ষাবর্ষের কারিকুলাম একই থাকে তাহলে শিক্ষার্থীদের পড়াশোনার কথা বিবেচনা করে ২০২১ শিক্ষাবর্ষের বই শিক্ষার্থীদের হাতে দেয়া যেতে পারে। | (খ-১) শিক্ষা প্রতিষ্ঠান প্রাতরাশে জাতীয় সংগীত পরিবেশন এবং মন্ত্রিপরিষদ কর্তৃক নির্ধারিত শপথ বাক্য পাঠ নিশ্চিতে নিয়মিতভাবে মনিটরিং অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ-২) ২০২২ শিক্ষা বর্ষের যেসকল বই এখনো পাওয়া যায়নি সেগুলি আনার বিষয়ে ব্যবস্থা গ্রহণ এবং ২০২১ শিক্ষাবর্ষের বই সাময়িকভাবে শিক্ষার্থীদের হাতে দেয়া যায় কিনা এ বিষয়ে মতামত পরবর্তী সভায় উপস্থাপনের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমি শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার |
| | | (গ) চেয়ারম্যান, ৩নং পূর্ব জাফলং সভায় জানান, কিছু অসাধু পরিবহন শ্রমিক মসজিদের সামনে দিয়ে রাস্তা তৈরি করে নদী হতে পাথর উত্তোলনের চেষ্টা করেছিল। পরবর্তীতে টাস্কফোর্সের অভিযানে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার আলোচনায় অংশ নিয়ে জানান, এ রাস্তা সরকারী বরাদ্দে নির্মিত হয়েছে মর্মে অভিযান চলাকালে পরিবেশ অধিদপ্তরকে জানানো হয়েছে। সৃষ্ট এসকল রাস্তা বন্ধে পিলার স্থাপনের জন্য চেয়ারম্যান, ৩নং পূর্ব জাফলং এর দৃষ্টি আকর্ষণ করা হয়। চেয়ারম্যান, ৩নং পূর্ব জাফলং এ বিষয়ে জানান, যেখানে রাস্তাই ছিলনা সেখানে বরাদ্দ প্রদানের কোন প্রশ্নই আসেনা। | (গ) মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশমতে পাথর উত্তোলন বন্ধ থাকায় কেউ যাতে অবৈধভাবে পাথর উত্তোলন করতে না পারে সে বিষয়ে কঠোর পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি, জাফলং ইউনিয়ন ইসিএ কমিটি |
| | | (ঘ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, করোনা ভাইরাস ভ্যারিয়েন্ট 'ওমিক্রন' প্রতিরোধে মন্ত্রিপরিষদ বিভাগ আজ থেকে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বেশকিছু নিষেধাজ্ঞা/নির্দেশনা জারি করা হয়েছে। তিনি বলেন, পরিস্থিতি বিবেচনায় এসকল নিষেধাজ্ঞা/নির্দেশনা আরও কঠোর হতে পারে। সাধারণ জনগণকে | (ঘ-১) ভ্যাকসিন সরবরাহ মাত্র শিক্ষার্থীদের প্রদান এবং নির্দেশনা মোতাবেক শিক্ষার্থী ও সকল শিক্ষককে ভ্যাকসিনেশনের আওতায় আনা বিষয়ে ব্যবস্থা গ্রহণে অনুরোধ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা ও উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সচেতন করতে এ বিষয়ে মাইকিংয়ের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা আলোচনায় অংশ নিয়ে জানান, সরকারী নির্দেশনা মোতাবেক ১২-১৭ বছর বয়সী শিক্ষার্থীদের ভ্যাকসিন প্রদান কার্যক্রম চলমান রয়েছে। তবে ভ্যাকসিন পর্যাপ্ত থাকলেও সময়মতো সরবরাহ ও পর্যাপ্ত সংরক্ষণের জায়গার অভাবে চাহিদাকৃত ভ্যাকসিন যথাসময়ে পাওয়া যাচ্ছে না। তিনি জানান, এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের সাথে বারংবার আলোচনাও করা হয়েছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের প্রতিনিধি সভায় জানান, শিক্ষার্থীদের ভ্যাকসিন প্রদান কার্যক্রম ১৫ জানুয়ারি ২০২২ এর মধ্যে সম্পন্ন করার নির্দেশনা রয়েছে, কিন্তু ভ্যাকসিন সরবরাহের অভাবে শিক্ষার্থীদের যথাসময়ে ভ্যাকসিন প্রদান করা সম্ভব হচ্ছে না। উপজেলা নির্বাহী অফিসার এ বিষয়ে বলেন, সরকারের পরিকল্পনা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান খোলা রাখার লক্ষ্যে সকল শিক্ষক ও শিক্ষার্থীদের ভ্যাকসিন প্রদান কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করা জরুরী। এজন্য প্রয়োজন হলে উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি এখন পর্যন্ত কোন স্কুলের কতজন শিক্ষার্থী ও শিক্ষক ভ্যাকসিন দিয়েছেন তার তালিকা সংগ্রহ দেয়ার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঘ-২) কোভিড-১৯ রোধকল্পে জনসচেতনতা বৃদ্ধিতে প্রতিটি ওয়ার্ডে এ সংক্রান্ত মাইকিং ও বহুল প্রচারণা অব্যাহত রাখতে এবং ওয়ার্ড ও ইউনিয়ন কমিটিকে আরো কার্যকরী ভূমিকা রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br><br>চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউপি |
| | | (ঙ) উপজেলা প্রকৌশলী সভায় জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরের গৃহীত ও অনুমোদিত নিম্নোক্ত অবকাঠামোগত উন্নয়ন স্কীমের কাজ যথাযথভাবে বাস্তবায়ন হয়েছে। তিনি জানান, নির্দেশনা মোতাবেক ৩১ জানুয়ারি ২০২২ এর মধ্যে চুড়ান্ত বিল প্রেরণ পূর্বক বরাদ্দ ছাড়করণ করতে হবে। তিনি সভায় এসকল স্কিমের কাজের বিল ভাউচার উপস্থাপন পূর্বক অনুমোদনের প্রস্তাব করেন।<br><br>ক) সালুটিকর কলেজের শ্রেণিকক্ষ সম্প্রসারণ-১০,০০,০০০/-<br>খ) তোয়াকুল বাজার উচ্চ বিদ্যালয়ের শ্রেণিকক্ষ উর্ধ্বমূখী সম্প্রসারন-১০,০০,০০০/-<br>গ) চৌগ্রাম উচ্চ বিদ্যালয়ের শ্রেণিকক্ষ নির্মাণ-১০,০০,০০০/-<br>ঘ) ডৌবাড়ি উচ্চ বিদ্যালয়ের শ্রেণিকক্ষ নির্মাণ-১০,০০,০০০/- | (ঙ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে গৃহীত ও অনুমোদিত বর্ণিত স্কিমসমূহের কাজ যথাযথভাবে বাস্তবায়িত হওয়ায় বরাদ্দ ছাড়করণের লক্ষ্যে বিলভাউচারসহ পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | (চ) প্রশাসক, ১১নং মধ্য জাফলং সভায় জানান, ১১নং মধ্য জাফলং নবগঠিত হওয়ায় এখানে অফিস কার্যক্রম পরিচালনার জন্য কোন সুষ্ঠু ব্যবস্থাপনা/অফিস না থাকায় ইউনিয়ন পরিষদের কার্যক্রম পরিচালনা করা কষ্টসাধ্য হয়ে পড়েছে। তিনি ২০২১-২২ অর্থ বছরের এডিপি প্রকল্পের আওতায় মধ্য জাফলং এর গৃহীত স্কিমসমূহ পরিবর্তন করে পুরাতান ইউনিয়ন অফিস সংস্কারের লক্ষ্যে উক্ত বরাদ্দ প্রদান করা জরুরী মর্মে সভাকে জানান। প্রশাসক, ১২নং গোয়াইনঘাট সদর আলোচনায় অংশ নিয়ে জানান, নবগঠিত ইউনিয়নের অফিস কার্যক্রম পরিচালনার লক্ষে সরকারী/বেসরকারী বরাদ্দ প্রয়োজন। তিনি বলেন, ২০২১-২২ অর্থ বছরের এডিপি প্রকল্পের আওতায় গৃহীত ৪৮নং স্কিম পরিবর্তন করে শীব মন্দিরের ড্রেইন নির্মাণ করা জরুরী। উপজেলা নির্বাহী অফিসার আলোচনায় অংশ নিয়ে বলেন, নবগঠিত ১১নং মধ্য জাফলং ইউনিয়ন ও ১২নং গোয়াইনঘাট সদর ইউনিয়ন পরিষদের অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে কার্যালয় পুনর্গঠনে এ বরাদ্দ দেয়া জরুরী। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন, নবগঠিত ইউনিয়ন পরিষদের অফিস স্থাপনে বরাদ্দের পাশাপাশি স্থানীয় সুধিজনের অংশগ্রহণ নিশ্চিত করা প্রয়োজন। | (চ-১) এডিপি ২০২১-২২ অর্থ বছরে মধ্য জাফলং ইউনিয়নের "নকশিয়াপুঞ্জি বীরেশ পাত্র এর বাড়ি হতে জাফলং চা বাগান এর আমগাছ পর্যন্ত রাস্তা ইটসলিং" স্কিমের পরিবর্তে "মধ্য জাফলং ইউপি অফিস স্থাপন ও উন্নয়ন" প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(চ-২) এডিপি ২০২১-২২ অর্থ বছরে মধ্য জাফলং ইউনিয়নের "বোরো ধানের আবাদ বৃদ্ধির লক্ষ্যে গোয়াইন-লেঙ্গুড়া সেচ প্রকল্পে সেচ নালা স্থাপন" স্কিমের পরিবর্তে ১) ১২নং গোয়াইনঘাট সদর ইউনিয়ন পরিষদের উন্নয়ন-১,০০,০০০/- ও ২) শীব মন্দিরের ড্রেইন নির্মাণ-২,০০,০০০/- স্কিম গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (ছ) উপজেলা প্রকৌশলী সভায় বলেন, প্রতি বাংলা সনে উপজেলা পরিষদের রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে উপজেলাধীন হাট/বাজারসমূহ ইজারা প্রদান করা হয়ে থাকে। সে প্রেক্ষিতে ১৪২৯ বাংলা সনে উপজেলাধীন হাট/বাজার সমূহ ইজারা প্রদান করা জরুরী। উপজেলা নির্বাহী অফিসার আলোচনায় অংশ নিয়ে জানান, তালিকাভূক্ত ৩৫টি বাজারের বাইরেও অনেক স্থানে ব্যক্তিগত জমিতে বাজার বসে। ব্যক্তিমালিকানাধীন স্থানে বাজার বসার সুযোগ না থাকায় এসকল বাজার সমূহ দ্রুত সরকারের তালিকাভূক্ত করা জরুরী। এ বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, উপজেলার সকল বাজারের মানোন্নয়নে প্রকল্প গ্রহণ ও যেসকল বাজার তালিকার বাইরে সেসকল বাজার তালিকাভূক্তিকরণে উদ্যোগ গ্রহণ জরুরী। | (ছ-১) ১৪২৯ বাংলা সনে হাট/বাজার ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ এবং পরবর্তীতে বাজারে বাস্তব অবস্থা বিবেচনায় বাজার তালিকাভূক্তি কিংবা বাতিলের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ছ-২) ব্যক্তিমালিকানাধীন বাজারসমূহ পেরিফেরির মাধ্যমে দ্রুত তালিকাভূক্তকরণের উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br><br>চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউপি |
| | | (জ) চেয়ারম্যান, ৩নং পূর্ব জাফলং সভায় বলেন, তামাবিল স্থল বন্দর দিয়ে আগত ভারতীয় ট্রাক জিরো পয়েন্ট হতে অনেক ভিতরে এসে আনলোড করে থাকে। তাছাড়া ট্রাকের সাথে আসা চালক ও হেলপারদের যথাযথ কোভিড-১৯ পরীক্ষা না করার কারণে ওমিক্রন ভাইরাস ব্যাপকভাবে ছড়িয়ে পড়ার সম্ভাবনা রয়েছে। উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা আলোচনায় অংশ নিয়ে জানান, তামাবিল স্থলবন্দরে নিয়মিতভাবে কোভিড-১৯ পরীক্ষা কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার এ বিষয়ে বলেন, ভারতীয় মালবাহী ট্রাক জিরো পয়েন্টের মধ্যেই আনলোডসহ চালক ও এসাথে আগতদের যথাযথ কোভিড-১৯ পরীক্ষা নিশ্চিত করা জরুরী। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক পর্যায়ক্রমে দায়িত্ব প্রদান করা প্রয়োজন। | (জ) কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে তামাবিল স্থলবন্দরে কঠোর কোভিড-১৯ টেস্ট করার বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা |
| | | (ঝ) উপজেলা প্রকৌশলী সভায় জানান, উপজেলা হলরুমে এয়ারকন্ডিশনার স্থাপনের জন্য নতুনভাবে থ্রি-ফেইজ বিদ্যুৎ সংযোগ, হলরুমের ভ্যান্টিলেটরে থাই গ্লাস ও হলরুমের ভিতরে ওয়ারিং বাবদ চাহিত ২,৫৯,১২৫/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার একশত পঁচিশ) টাকার বিষয়ে সরেজমিন তদন্ত করা হয়। সরেজমিন পরিদর্শন ও বাজার দর যাচাইক্রমে দেখা যায়, থাই গ্লাসের প্রতিবর্গ ফুট ৩৪০/- হারে ধরা হয়েছে। শহরের বাজার দর হিসেবে থাই গ্লাসের প্রতিবর্গ ফুট ৩১০/- টাকা হারে ধরে বিল প্রদান করা যেতে পারে। তাছাড়া থ্রী ফেইজ বিদ্যুৎ সংযোগ ও ভিতরের বিদ্যুৎ কার্যক্রমের বিল ভাউচার সঠিক আছে। তিনি উক্ত কাজের বিল বাবদ ভ্যাট ও আইটিসহ মোট ২,৫০,১২৫/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার একশত পঁচিশ) টাকা পরিশোধের লক্ষ্যে সভায় প্রস্তাব করেন। | (ঝ) উপজেলা হলরুমে থ্রি-ফেইজ বিদ্যুৎ সংযোগ, এসির বিদ্যুৎ সংযোগ ও থাই গ্লাস লাগানোর কাজ বাবদ ২,৫০,১২৫/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার একশত পঁচিশ) পরিশোধের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের অনুমতি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও নিয়মিত সভায় যথাসময়ে উপস্থিত থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Ahmed 25/02/22

(মোহাম্মদ ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
গোয়াইনঘাট, সিলেট।
uzpgowainghat.sylhet@gmail.com

স্মারক নং : ০৫.৪৬.৯১৪১.০০০.৪৭.০১২.১৯. ৩৯ তারিখ : ১৬-০১-২০২২ খ্রি.।

০০-০১। মাননীয় সংসদ সদস্য, ২৩২- সিলেট- ৪ ও মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০০-০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০০-০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০০-০৪। জেলা প্রশাসক, সিলেট।
০০-০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০০-০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
০০-০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
০৮-২২। উপজেলা ........................................................কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), গোয়াইনঘাট, সিলেট।
০০-২৩। অফিসার ইনচার্জ, গোয়াইনঘাট থানা, সিলেট।
২৪-৩৪। চেয়ারম্যান/প্রশাসক.......................................... ইউ/পি (সকল), গোয়াইনঘাট, সিলেট।
৩৫-৪০। জনাব........................................................গোয়াইনঘাট, সিলেট।

(তাহমিলুর রহমান)
পরিচিতি নং- ১৭৩৮২
উপজেলা নির্বাহী অফিসার
গোয়াইনঘাট, সিলেট।
ফোন- ০৮২২৮৫৬০০১।
unogowainghatsyl@gmail.com